

# সফটওয়্যারের কারুকাজ

## উইন্ডোজ ১০-এর কিছু টিপস

### উইন্ডোজ ১০-এ ক্যালেন্ডার অ্যাপ ওপেন না করে ইভেন্ট তৈরি করা

উইন্ডোজ ১০-এর সর্বাধুনিক আপডেট ব্যবহারকারীকে সরাসরি টাস্কবার থেকে মাইক্রোসফট ক্যালেন্ডারে ইভেন্ট যুক্ত করার সুযোগ করে দেয় ক্যালেন্ডার ওপেন না করেই। এ কাজটি করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করতে হবে :

- টাস্কবারে স্ক্রিনের ডান প্রান্তে টাইম অ্যান্ড ডেট বক্সে ক্লিক করুন।
- ডেটে ক্লিক করুন, যখন ইভেন্টের জন্য শিডিউল করতে চান।
- ইভেন্ট নেম, টাইম এবং লোকেশন এন্টর করুন (যদি মাল্টিপল ক্যালেন্ডার থাকে, তাহলে ইভেন্ট নেম ফিল্ডের পাশে ডাউন অ্যারোতে ক্লিক করুন যেটিকে এতে যুক্ত করতে চান)।
- save-এ ক্লিক করুন। এর ফলে আপনার ডিভাইস জুড়ে ক্যালেন্ডার অ্যাপে ইভেন্ট আবির্ভূত হবে।

### স্ক্রিনশট নেয়া

আমরা সবাই জানি এটি একটি বেসিক কাজ। যেহেতু সচরাচর স্ক্রিনশট নেয়ার দরকার হয় না, তাই খুব সহজেই সবাই ভুলে যায় কীভাবে ডেস্কটপে অথবা ল্যাপটপে স্ক্রিনশট নিতে হয়।

উইন্ডোজ ১০-এ ন্যূনতম ৮টি ভিন্ন ভিন্ন উপায়ে স্ক্রিনশট নেয়া যায়। যদি আপনার সম্পূর্ণ স্ক্রিনের একটি ছবি ক্যাপচার করে সেভ করতে চান, তাহলে সবচেয়ে সহজ উপায় Windows key + Print Screen key চাপলে সেই ছবিটি সেভ হবে Pictures > Screenshots folder-এ।

শুধু স্ক্রিনের একটি অংশ যদি ক্যাপচার করতে চান, তাহলে Windows key + Shift + S চাপুন Snip & Sketch নামের টুলটি ওপেন করার জন্য। এটি আপনাকে একটি স্ক্রিনশট তৈরি করার জন্য ক্লিক এবং ড্র্যাগ করার অনুমোদন দেবে, যা ক্লিপবোর্ডে সেভ হবে।

### কীবোর্ড শর্টকাট দিয়ে আপনার টাস্কবারে আইটেম ওপেন করা

একটি শর্টকাট তৈরি করার জন্য স্ক্রিনের নিচে টাস্কবারে প্রোগ্রামগুলো পিন করলেন, তাহলে আপনাকে আইকনে ক্লিক করতে হবে না সেগুলো ওপেন করার জন্য। এর

পরিবর্তে কীবোর্ড শর্টকাট Windows key + [Number key], টাস্কবারের প্রোগ্রামের অবস্থানের সাথে নাম্বার কী-সহ ব্যবহার করুন। উদাহরণস্বরূপ, Windows key + 2 টাস্কবারে দ্বিতীয় আইটেম ওপেন করবে।

মনিরুল ইসলাম

লালবাগ, ঢাকা

## ফাইল এক্সপ্লোরারের কিছু টিপস

### ফাইল ব্রাউজিং হিস্টোরি ডিলিট করা

বাই ডিফল্ট ফাইল এক্সপ্লোরার সম্প্রতি আপনার ওপেন করা সব ফাইলের রেকর্ডের পাশাপাশি সাম্প্রতিক সার্চসমূহের রেকর্ডও ধারণ করবে। কোনো কিছুতে দ্রুত ফিরে আসাই ভালো। তবে সম্ভবত আপনি হিস্টোরি ক্লিয়ার করতে অথবা এ ফিচার পুরোপুরি বন্ধ চান।

এ কাজ শুরু করতে File Explorer I:\> K:\i File > Change folder and search options-এ ক্লিক করুন। এবার আপনার সব ফাইল এক্সপ্লোরার হিস্টোরি অপসারণ করার জন্য General ট্যাবে এবং Privacy সেকশনের নিচে Clear-এ ক্লিক করুন।

যদি আপনি হিস্টোরি ডিজ্যাবল করতে চান, তাহলে Show recently used files in Quick access Ges Show frequently used folders in Quick access-এর মধ্যে একটি অথবা উভয়ই আনটিক করুন। সবশেষে OK-তে ক্লিক করুন।

### অ্যাডভার্টাইজমেন্ট ডিজ্যাবল করা

মাইক্রোসফট সম্প্রতি অফিস ৩৬৫ সাবস্ক্রিপশনের মতো তাদের কিছু পণ্য বিক্রি করতে ফাইল এক্সপ্লোরারে অ্যাডভার্টাইজমেন্ট ডিসপ্লে করা শুরু করেছে। উপরে ডান প্রান্তে X-এ ক্লিক করে স্বতন্ত্রভাবে এটি বন্ধ করতে। তবে ভালো হয় এগুলো আবির্ভূত হতে বাধা দেয়া।

এ কাজটি করার জন্য ফাইল এক্সপ্লোরার ওপেন করুন এবং File > Change folder and search options-এ ক্লিক করুন। এবার View ট্যাবে সুইচ করুন। এরপর স্ক্রল ডাউন করে Show sync provider notifications অপশন আনটিক করুন। এবার OK-তে ক্লিক করুন।

আবদুস সামাদ

উত্তরা, ঢাকা

## চ্যাটবট ব্যবহার করে প্রযুক্তিতে

### পেজকে এগিয়ে নেয়া

কেমন হয় যদি আপনার হয়ে ফেসবুক নিজেই আপনার পেজে কথা বলে? জি হ্যাঁ, #ফেসবুক চ্যাটবটের কথা বলা হচ্ছে। আমরা যারা ফেসবুকে ব্যবসায়িক অথবা সেবামূলক পেজ নিয়ন্ত্রণ করছি তাদেরকে প্রায়ই একটা সমস্যার মুখোমুখি হতে হয়, তা হলো প্রায়ই নির্দিষ্ট সময়ের মাঝে কাস্টমারদের প্রশ্নের উত্তর দিতে দেরি করে ফেলি। এতে অনেক সময়ই কাস্টমার আমাদের প্রতি বিরক্ত হয়ে আমাদের মতো অন্য সেবামূলক প্রতিষ্ঠানের কাছে চলে যায়। এইসব সমস্যার সমাধানই নিয়ে এসেছে #ফেসবুক চ্যাটবট। আসুন এর সম্পর্কে কিছু তথ্য আপনাদের সাথে শেয়ার করা যাক— ১) কোনো কাস্টমার ইনবক্সে মেসেজ করার সাথে সাথে সে যা জানতে চায় তার রিপ্লাই অটোমেটিক পায়। ২) একই ধরনের প্রশ্ন ১০০ জন করলেও ১০০ জনকেই সাথে সাথে রিপ্লাই দেবে, বাদ যাবে না একজন কাস্টমারও। ৩) কাস্টমার পোস্টে কमेंট করার সাথে সাথে তাকে অটোমেটিক রিপ্লাই দেবে। ৪) পেজের ইনবক্সে থাকা সব নতুন-পুরনো কাস্টমারকে এক ক্লিকে যেকোনো মেসেজ পাঠাতে পারবেন (হোক সেটা হাজার কিংবা লক্ষ কাস্টমার) যেটা একজন একজন করে সারাদিন ধরেও সম্ভব নয়। ৫) আপনার সব পণ্য/সেবা একদম ওয়েবসাইটের মতো করে মেসেঞ্জারের ভেতরে সাজিয়ে রাখতে পারবেন কাস্টমার সেখান থেকে এক বা একাধিক পণ্য দেখতে পারবে এবং অর্ডার করতে পারবে।

তানবীর রহমান সজীব

লক্ষ্মীপুর

## কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপি সহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে। সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০/-, ৮৫০/- ও ৭০০/০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে— মনিরুল ইসলাম, আবদুস সামাদ ও তানবীর রহমান সজীব।